



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- ০৬০/প্রশিক্ষ/০২/২২/৫৮৯

তারিখ: ০৬/০৭/২০১৭

প্রেরক: বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক: জনাব এ.বি.এম জহুরুল ইসলাম খান

সভাপতি, ম্যানেজিং কমিটি

দুপচাঁচিয়া পাইলট উচ্চ বিদ্যালয়

ডাক: দুপচাঁচিয়া, উপজেলা: দুপচাঁচিয়া, জেলা: বগুড়া।

বিষয়: ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬ তারিখ: ০৬/০৬/২০১১ অনুযায়ী কোন শিক্ষা প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক এবং সহকারী প্রধান শিক্ষকের পদ শূন্য থাকলে উক্ত প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করবেন। কিন্তু আপনি শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত নির্দেশনা লঙ্ঘন করে আপনার বিদ্যালয়ের জ্যেষ্ঠ সহকারী শিক্ষক জনাব মো: আনিছুল ইসলামকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব অর্পণ না করে কনিষ্ঠ শিক্ষক জনাব এ.এইচ.এম নূরুল ইসলাম খান, সহকারী শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব অর্পণ করেন। সে কারণে জনাব মো: আনিছুল ইসলাম মহামান্য হাইকোর্টে রীট পিটিশন নং-১১৫০৪/২০১৬ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট উক্ত রীটের বিষয়টি নিষ্পত্তি জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীকে আদেশ দেন। সেই আদেশ অনুযায়ী বিগত ২৬/১০/২০১৬ইং তারিখ নিষ্পত্তি সভা অনুষ্ঠিত হয়। উক্ত নিষ্পত্তি (Dispose) সভায় গৃহীত সিদ্ধান্ত ১৮/০৩/২০১৭ তারিখে অনুষ্ঠিত ২৪১ তম বোর্ড সভায় অনুমোদিত হলে উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য আপনাকে পত্র দেয়া হয়। আপনি উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন না করায় ২৩/০৫/২০১৭ তারিখে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য আপনাকে পত্র দেয়া হয়। আপনি উক্ত পত্রের কোন জবাব দেননি বরং জনাব এ.এইচ.এম নূরুল ইসলাম খান, সহকারী শিক্ষক, কমিটির রেজুলেশন ও জনাব মো: আনিছুল ইসলাম কর্তৃক রীট প্রত্যাহারের কপি দাখিল করলে সে সম্পর্কে মতামতের জন্য নথিটি এই বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার নিকট প্রেরণ কার হয়। উল্লিখিত বিষয়াদি পর্যালোচনাপূর্বক বোর্ডের আইনসম্মত নির্দেশ প্রতিপালন না করায় তিনি ম্যানেজিং কমিটি বিলুপ্তির পক্ষে মতামত দেন। বিধায়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী প্রবিধানমালা ২০০৯ এর ৩৮ (১) ধারা অনুযায়ী স্মারক নং-৩/এস/১/৬৯৪ (৩) তারিখ: ২৪/১১/২০১৫ এ মাধ্যমে অনুমোদিত আপনার বিদ্যালয়ের চলমান ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

০৭/০৭/১৭

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

তারিখ: ০৬/০৭/১৭

স্মারক নং-
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল:-

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইটিসি), বগুড়া।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৪। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৬। জনাব মো: আনিছুল ইসলাম, প্রধান শিক্ষক, (ভারপ্রাপ্ত) (তাকে এডহক কমিটি গঠনের অন্তিমতার আবেদন করার জন্য নির্দেশ দেয়া হ'ল)। দুপচাঁচিয়া পাইলট উচ্চ বিদ্যালয়, ডাক: দুপচাঁচিয়া, উপজেলা: দুপচাঁচিয়া, জেলা: বগুড়া।
- ৭। জনাব এ.এইচ.এম নূরুল ইসলাম খান, সহকারী শিক্ষক দুপচাঁচিয়া পাইলট উচ্চ বিদ্যালয়, ডাক: দুপচাঁচিয়া, উপজেলা: দুপচাঁচিয়া, জেলা: বগুড়া।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।